

Times Today BD

তৌহিদুল ইসলাম | দেশজুড়ে | 08 April, 2025

বান্দরবানের নাইক্ষ্যংছড়ি সীমান্তে আবারও আরাকান আর্মি পুতে রাখা স্থলমাইন বিস্ফোরণে মো: তৈয়ব নামে এক যুবকের পা বিছিন্ন হয়েছে।

মঙ্গলবার (৮ এপ্রিল) সকাল সাড়ে ৮টার দিকে জারুলিয়া ছড়ি বিওপি'র সীমান্তবর্তী ৪৬-৪৭ নং পিলারে গুণ্যরেখায় মায়ানমারের অভ্যন্তরে এই ঘটনা ঘটে।

আহত ব্যক্তি- নাইক্ষ্যংছড়ি ইউনিয়নের কছোনিয়া এলাকায় ছাবের আহসদ এর ছেলে মো: তৈয়ব (৩৫)।

সত্যতা নিশ্চিত করে নাইক্ষ্যংছড়ি থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি মো: মাসরুল হক বলেন, স্থানীয়রা জানিয়েছেপ বাংলাদেশের পণ্যের পাচারের জন্য মায়ানমার সীমান্তের ওপারে যান। ওপার থেকে গরুসহ বিভিন্ন পণ্যের নিয়ে এপারে ফিরে আসার সময় জারুলিয়া ছড়ি বিওপি'র দায়িত্বপূর্ণ ৪৬ -৪৭ সীমান্ত পিলারে শূণ্য লাইন এলাকায় মায়ানমারের অভ্যন্তরে আরাকান আর্মি পুতে স্থলমাইনে বিস্ফোরণ হয়। এসময় যুবকের ডান পায়ের হাঁটুর নিচের অংশ ক্ষতবিক্ষত হয়ে গুরুতর আহত হয়। পরে স্থানীয়রা উদ্ধার করে চিকিৎসার জন্য নাইক্ষ্যংছড়ি সদর হাসপাতালে নিয়ে যায়।

এবিষয়ে নাইক্ষ্যংছড়ি নির্বাহী অফিসার ইউএনও মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরী বলেন, ঘটনাটি শুনেছেন তিনি বিষয়টি খতিয়ে দেখছেন।

বান্দরবান বিস্ফোরণ মায়ানমার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 13 June, 2025 04:47

URL: <https://timestodaybd.com/public/across-the-country/775807488>